# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

## ডেডিকেটেড ইন্টারনেট সংযোগ স্থাপনের দরপত্র দলিল

দরদাতা প্রতিষ্ঠানের নামঃ.........................................................................

আরএফকিউ নম্বরঃ ২২/২০২১-২০২২


মোবাইল নম্বরঃ ০১৭০৪-১০৮৮৮২

ই-মেইলঃ naogaonpbs1@gmail.com

ওয়েবসাইটঃ pbs1.naogaon.gov.bd

# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

ফোন : ০২৫৮৮৮৮২৫৯৯
ই-মেইল : naogaonpbs1@gmail.com
ওয়েব : www. pbs1. naogaon.gov.bd


স্মারক নং-২৭.১২.৬৪০০.৫৩৬.০১.০৩৮.২২. ১৮৬২

তারিখঃ ২২ বৈশাখ, ১৪২৯ বঃ।
০৫ মে, ২০২২ খ্রিঃ।

## জেনারেল ম্যানেজার, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ।

ডেডিকেটেড ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল।

প্রতি,

..............................................

.............................................।

১। জেনারেল ম্যানেজার এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্য দিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌত সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না। তবে দরপত্র দলিলের আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ-এ বর্ণিত ওয়্যারেন্টি পিরিয়ড নিশ্চিত করনের লক্ষে ক্রয় আদেশপ্রাপ্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে ১০% নিরাপত্তা জামানত কর্তন করা হইবে যাহা সফলভাবে ওয়্যারেন্টি পিরিয়ড অতিক্রম সাপেক্ষে ফেরত প্রদান করা হইবে।

৬। সিলমোহরকৃত খাম ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার পূর্বে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-তে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "ডেডিকেটেড ইন্টারনেট সংযোগ স্থাপন" কাজের দরপত্র এর জন্য কোটেশন এবং ১২/০৫/২০২২ খ্রিঃ, বেলা ১১:৩৫ ঘটিকার পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮এর বিধি ৭১(৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়-সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১২। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা যাইবে। দরপত্র দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্র দাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্র দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সনদ ও ভ্যাট রেজিষ্ট্রেশন এর সত্যায়িত অনুলিপি, ওয়্যারেন্টি পিরিয়ড নিশ্চিতকরণ সংক্রান্ত স্বাক্ষরিত প্রমানক এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক সক্ষমতার সনদ দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারিবে।

চলমান পাতা-২

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে ১৫ (পনেরো) দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৭। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে জারি করিতে হইবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।

১৯। সার্ভার স্থাপনের জন্য অফিস প্রতি ০২ (দুই) টি করে Static Real IP সরবরাহ করতে হবে। Real IP স্থাপন করতঃ Router এর মাধ্যমে Database Server কে Internet এর যে কোন Source হতে Uniquely Access এর উপযোগী করে দিতে হবে।

২০। পরবর্তীতে কোন স্থাপনা/ যন্ত্রপাতি যেমনঃ ওভারহেড/ আন্ডারগ্রাউন্ড ক্যাবল (অপটিক্যাল ফাইবার), রেডিও ডিভাইস, রাউটার, মিডিয়া কনভার্টার ইত্যাদি প্রয়োজন হলে যাবতীয় স্থাপনা/ যন্ত্রপাতি আংশিক/ সম্পূর্ণ অকার্যকর হলে দরদাতা প্রতিষ্ঠানকে তার নিজস্ব ব্যবস্থাপনা/ খরচে তা স্থাপন এবং নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে। নওগাঁ পবিস-১ কর্তৃপক্ষ মাসিক সংযোগ ফি ব্যতিত দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত বর্ণিত মালামাল এবং রক্ষণাবেক্ষণের বিপরীতে পরবর্তীতে আর কোন অর্থ পরিশোধ করবে না।

২১। Dedicated Internet Connection Monitoring এর কাজ করবেন অত্র পবিসের এজিএম(আইটি-১/২)/জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২)/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২)।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
নওগাঁ পবিস-১।

**অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় এবং নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহঃ**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। **(বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)**
০৩। জেলা প্রশাসক / পুলিশ সুপার, নওগাঁ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ।
০৫। মেয়র, নওগাঁ পৌরসভা, নওগাঁ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ---------------------------------- পবিস ১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী (সিস্টেম অপারেশন ও বিতরণ), বাপবিবো, নওগাঁ।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ, নওগাঁ।
০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নওগাঁ।
১০। ডিজিএম, নিয়ামতপুর/মান্দা/বদলগাছি/আত্রাই/রানীনগর জোনাল অফিস, নওগাঁ পবিস-১।
১১। এজিএম (ওএন্ডএম), সতীহাট সাব-জোনাল অফিস, নওগাঁ পবিস-১।
১২। এজিএম (অর্থ/ওএন্ডএম), নওগাঁ পবিস-১।
১৩। এজিএম (আইটি), নওগাঁ পবিস-১। **(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)**
১৪। মেসার্স -------------------------------------।
১৫। নোটিশ বোর্ড, নওগাঁ পবিস-১।
১৬। অফিস/মাষ্টার কপি।

05.05.22
(মোঃ আরিফুল ইসলাম)
এজিএম (প্রশাসন) অঃ দাঃ
নওগাঁ পবিস-১।

কোটেশন দাখিলপত্র
**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর:............................................ তারিখ: দিন/ মাস/ বৎসর

প্রতি
**[ক্রয়কারীর নাম ও ঠিকানা]**

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, সংশ্লিষ্ট পণ্য ও সেবা সরবরাহের শর্তাবলি অনুসারে **[পণ্য বা সেবার নাম লিখুন]** সরবরাহের জন্য প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন]।

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকিবে এবং আমি/আমরা উহা মানিতে বাধ্য থাকিব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রহিয়াছে এবং বাংলাদেশস রকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত তার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এতদ্ব্যতীত, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি) এ উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রহিয়াছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করিবার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করিতেছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটির অধিক কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, আপনাদের জারীকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হইবে এবং উহা মানিতে বাধ্য থাকিব।

আমি/আমরা [তারিখ লিখুন] তারিখে আপনাদের জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন দলিল (আরএফকিউ) পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ দরপত্র দাতার স্বাক্ষর
তারিখ:

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

| | | |
|---|---|---|
| স্মারক নং- ২৭.১২.৪৭১২.৫৬৭.০১.০৩৮.২২. ১৮৩১ | তারিখঃ- | ২২ বৈশাখ, ১৪২৯ বঙ্গাঃ<br>০৫ মে, ২০২২ খ্রিঃ |

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে/ কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| 01 | - | One Time Installation Cost (OTC) for each location/Office (Fiber) | BDT | For 06 locations/ Offices | | | | 06 Zonal/Sub-Zonal Offices under Naogaon PBS-1 |
| 02 | - | One Time Installation Cost (OTC) for each location/Office (Radio) | BDT | For 06 locations/ Offices | | | | |
| 03 | - | Per Mbps Monthly Charge (Internet) | 05 Mbps for each location/ Office | For 06 locations/ Offices | | | | |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সব ধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা: | নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন ০৬টি জোনাল/সাব-জোনাল অফিস, নওগাঁ। |
| মোট মূল্য:(টাকায়)<br>(কথায়) | [উল্লিখিত তফসিলের ৮ নম্বর কলমে উল্লিখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ : | ক্রয়াদেশ জারির তারিখ হইতে ১৫ (পনেরো) দিন |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) : | দরপত্র দলিলের কারিগরী বিনির্দেশ অংশে বর্ণনা করা হয়েছে। |

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফসিলের **[-----]** টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হইয়াছে। আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বৎসর পর্যন্ত বৈধ **[কোটেশনের বৈধতার তারিখ লিখুন।]**

| | |
|---|---|
| **সিলসহ দরপত্র দাতার স্বাক্ষর** | |
| দরপত্র দাতার নাম : | তারিখ: দিন/মাস/বৎসর |



সিনিয়র জেনারেল ম্যানেজার, নওগাঁ

**টীকা:**

০১। কলম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করিবে এবং কলম ৬, ৭ ও ৮ দরপত্র দাতা পূরণ করিবে।

০২। যদি চুক্তি সম্পাদিত হয়, তাহা হইলে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বতোভাবে সরবরাহের পরিবহণ খরচ, বিমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ও ভারহেড খরচ, সব ধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।



# আবশ্যিক পণ্যের কারিগরি বিনির্দেশ

=০২=

## Technical Specification for Internet and data Connectivity

1. Must provide 24/7 proactive support service for maintaining the required uptime of 99%.

2.Must have redundant primary and secondary Path.

3.Must provide real time Bandwidth Monitoring Graph.

4.Must Provide public IP according to BREB/PBS Server requirement.

5.Must ensure Network Security and Qos(quality of service)issue.

6.Must Provide Network Topology design and router/system Configuration Documentation after installation.

7. To ensure uninterrupted service the auto switching and the network must be built on MPLS (Multi-Protocol Level Switching).

8. Download and upload speed must be equal.

9. Must have own pop redundancy link.

10. Must have at least two(2) or more upstream provider and mention their names.

## General Guideline for Internet and data Connectivity

01.To procure internet and data connectivity, the procurement method must be Open Tendering Method(OTM).

02.BREB/PBS Internet and data connectivity must be established within 15 working days from work order.

03. Bidders must have Up to date Nationwide ISP license from BTRC. (Proof Documents Must be provided, Otherwise the offer will be treated as Non-Responsive).

04. Bidder must have at least 10 years of general experience in the supply, installation and commissioning of nationwide ISP service as prime contractor or subcontractor or Management contractor from the date of publication of IFT (Proof Documents Must be provided, Otherwise the offer will be treated as Non-Responsive).

05.Bidder must have at least two (02) contracts of providing similar nature of work (Internet bandwidth / Data Connectivity / internet WAN connectivity) of value minimum TK. 2 Crore in last 03 years in any Government/ semi government / Autonomous organization and / or reputed private organization/ Corporates. (Proof Documents Must be provided, Otherwise the offer will be treated as Non-Responsive).

06. Bidder must have serving at least 10 (Ten) Government/ semi government / Autonomous organization (Proof Documents Must be provided, Otherwise the offer will be treated as Non-Responsive)

07. Bidder must have agreements with Minimum 02 or more NTTN's (Nationwide Tele communication transmission network), (Agreement copy must be provided, Otherwise the offer will be treated as Non-Responsive)

08.Bidder must have annual turnover of an average of 10 crore of last 3 years.

=০৬২

09. Bidder should not be blacklisted or debarred from any Government or Semi-Government organization or Government owned company.

10.Bidder must have last 3 years audited report. (Proof Audit Report must be provided, Otherwise the offer will be treated as Non-Responsive).

11.Bidder Must have membership of ISPAB.

12. Bidder Must have membership of APNIC.

13.Bidder should Qualify the Technical Evaluation first and financial offer will be open only technically qualified bidders.

14.Jobs should be done by BREB/PBS instructions.

15. Must have Data Center and Data Recovery Center (DC & DR) of IIG Connection.

16.Must restore connectivity within 3 Hours after any break off and no charge will be provided for that.

17.Must restore connectivity within 3 Hours after any break off otherwise penalty will be count as per Hour basis from the total bill.

18.Service Contract should be renewed after 3 years satisfactory performance. Contract may be terminated 30 days prior notice by both parties.

19. After Full Job completion submitted bill will be payed after BREB/PBS team Inspection.

20.Must receive satisfactory testimonial after successful job completion.

21.Must deduct VAT/TAX according to rules from Total Submitted bill.

22. Points are not noted here;in that case BREB/PBS decision will be final decision.

17.11.21
মোহাম্মদ হোসেন
জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি)-৩
আইসিটি পরিদপ্তর ও
সদস্য

17.11.21
আল – আমীন মিয়া
সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার
আইসিটি পরিদপ্তর ও
সদস্য সচিব

17.11.2021
সুজিত বিশ্বাস
সহকারী হার্ডওয়্যার
ইঞ্জিনিয়ার,
আইসিটি পরিদপ্তর ও
সদস্য

17.11.21
মোঃ রুহুল কুদ্দুস
হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার,
আইসিটি পরিদপ্তর
ও সদস্য

17.11.21
মাহমুদ মুনিম
নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার,
আইসিটি পরিদপ্তর ও
আহবায়ক

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উল্লিখিত কারিগরি বিনির্দেশ ও মান অনুযায়ী সরবরাহ করিব।

| | |
|---|---|
| **সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর** | তারিখ: দিন/মাস/বৎসর |
| **দরপত্র দাতার নাম** | |

টীকা:

০১। কলম ০১ ও ০২ ক্রয়কারী এবং কলম ০৩ দরপত্রদাতা পূরণ করিবে।

০২। বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করিবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ ও প্রতিযোগিতা মূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক ও স্পষ্ট বিনির্দেশ হইল কোটেশনের পূর্ব শর্ত। প্রতিযোগিতা মূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করিতে হইবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করিতে হইবে। বিনির্দেশে উল্লিখিত পণ্যে অন্তর্ভুক্ত সকল আইটেম, দ্রব্যাদি ও আনুষঙ্গিক উপকরণ অবশ্যই নূতন, অব্যবহৃত ও সাম্প্রতিকতম বা চলতি মডেলের হইতে হইবে এবং নকশা ও পণ্যে সকল সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হইবে।

০৩। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গবিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে, যাহা এই দলিলে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্র দাতা প্রস্তাবিত পণ্যের প্রস্তুতকারক ও মডেল (যাহা প্রযোজ্য) উল্লেখ করিবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল মুদ্রিত বিবরণ (Brochures) (সহজে পাওয়া না গেলে অনুলিপি) সংযুক্ত করিবে।

জেনারেল ম্যানেজার
**নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১**
চকবিরাম, নওগাঁ।

## পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ

ডেডিকেটেড ইন্টারনেট সংযোগ স্থাপন

ক্রয় আদেশ নম্বর__________ **তারিখ: দিন/মাস**/বৎসর

| | |
|---|---|
| **কোটেশন নম্বর:**______________ | **তারিখ :দিন/মাস/বৎসর** |
| **প্রতি:**<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| সরবরাহের তারিখ: **[সম্পাদনের তারিখ উল্লেখ করুন]** | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: **টাকা [চুক্তি মূল্য উল্লেখ করুন]** |
| **সরবরাহ** : **শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার **[তারিখ উল্লেখ করুন]** তারিখের কোটেশন গ্রহণ করিয়াছেন। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরি বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলি অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহের জন্য আপনাকে অনুরোধ করা হইল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| সংশ্লিষ্ট পণ্য ও সেবার অনুমোদিত মূল্য সংবলিত বিবরণের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিক পণ্যের অনুমোদিত কারিগরি বিনির্দেশের (পূর্ণাঙ্গ বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম ও পদবিসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ : |

সংযুক্তিসমূহ: উপরিউক্ত বর্ণনা মোতাবেক

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলি

০১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি ক্রয়কারী ও সরবরাহকারী মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

০২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

০৩। ক্রয় আদেশ জারি হইবার ১৫ (পনেরো) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলি অনুযায়ী সার্বিকভাবে সরবরাহ সমাপ্ত করিতে হইবে।

০৪। ক্রয়কারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা গ্রহণ করিতে বিলম্ব করিলে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হইলে অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসংগত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের জন্য বর্ধিত সময় প্রাপ্তির অধিকার থাকিবে।

০৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখিতে হইবে।

০৬। ক্রয়কারী কারিগরি বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করিবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে অবহিত করিবে।

০৭। যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, তাহা হইলে ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করিয়া সরবরাহ বাতিল করিতে পারিবে।

০৮। সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরূপ অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকিবে।

০৯। অন্যকোথাও যাহা কিছুই থাকুক না কেন, মূল্য তফসিল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটি পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের ভিত্তিতে মূল্য পরিশোধ করা হইবে। সরবরাহের চালান জমা ও গ্রহণের পর পণ্য ও সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের ৯০ (নব্বই) শতাংশ পরিশোধ করা হইবে।

১০। সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি ও প্রযোজ্য আইনের অধীন অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১১। মোট চুক্তি-মূল্য **[অংকে] [কথায় ]** টাকা।

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হইতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ কারিগরী বিনির্দেশ অনুযায়ী প্রযোজ্য হইবে। দরপত্র দলিলের আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ-এ বর্ণিত ওয়্যারেন্টি পিরিয়ড নিশ্চিত করনের লক্ষে ক্রয় আদেশপ্রাপ্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে ১০% নিরাপত্তা জামানত কর্তন করা হইবে যাহা সফলভাবে ওয়্যারেন্টি পিরিয়ড অতিক্রম সাপেক্ষে ফেরত প্রদান করা হইবে।

১৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪০(৫) এর বাধ্য বাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকিবে।

১৪। সরবরাহকারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তাহার নিজের, তাহার শ্রমিক বা কর্মচারী বা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন বা সম্পত্তির ক্ষতিপূরণ হইতে ক্রয়কারীকে ক্ষতি বহন প্রতিশ্রুতি হইতে দায় মুক্ত রাখিবে।

১৫। পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করিবে।

১৬। ওয়ারেন্টি (Warranty) সময়সীমার মধ্যে সরবরাহ ও সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হইলে, সরবরাহকারী নিজ খরচে উহা সংশোধন করিবে।

১৭। কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি ও সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নহে।

১৮। ক্রয়কারী প্রয়োজন হইলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করিয়া পরবর্তীকালে চুক্তির শর্তাবলির সংশোধন করিতে পারিবে।

১৯। ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করিয়া যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করিতে পারিবে, যদি সরবরাহকারী—

(ক) সরবরাহের তফসিলের সময় ও বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করিতে ব্যর্থ হয়;

(খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্তবা জবরদস্তিমূলককোনো কর্মকাণ্ডে জড়িত থাকে; এবং

(গ) চুক্তির অধীন অন্য কোনো বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়।

২০। এই চুক্তি বা উহার ব্যাখ্যা হইতে উদ্ভুত, বা তৎসম্পর্কে সম্ভাব্য সকল বিরোধ সমঝোতার মাধ্যমে আপস-মীমাংসার জন্য ক্রয়কারী ও সরবরাহকারী সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

২১। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ অনুসারে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকিবে।

| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবিসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য:<br><br>নাম এবং পদবিসহ সরবরাহকারীর স্বাক্ষর |
|---|---|
| তারিখ: | তারিখ: |

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চকবিরাম, নওগাঁ।

ISO 9001:2015 Certified

মুজিব বর্ষ 100

ফোন : ০২৫৮৮৮৮২৫৯৯
e-mail : naogaonpbs1 @ gmail.com
Web : www. pbs1.naogaon.gov.bd

# ডেডিকেটেড ইন্টারনেট সংযোগ স্থাপন সংক্রান্ত

**নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ০৬টি জোনাল/সাব-জোনাল অফিসের পূর্ণ ঠিকানা (জিআইএস লোকেশন)**

| ক্রঃ নং | অফিসের নাম | অফিসের পূর্ণ ঠিকানা | অক্ষাংশ | দ্রাঘিমাংশ |
|---|---|---|---|---|
| ০১। | নিয়ামতপুর জোনাল অফিস | নিয়ামতপুর, নওগাঁ। | 24.87679 | 88.56171 |
| ০২। | বদলগাছি জোনাল অফিস | বদলগাছি, নওগাঁ। | 24.96757 | 88.90928 |
| ০৩। | আত্রাই জোনাল অফিস | আত্রাই, নওগাঁ। | 24.61407 | 88.97747 |
| ০৪। | রাণীনগর জোনাল অফিস | রাণীনগর, নওগাঁ। | 24.73828 | 88.96009 |
| ০৫। | মান্দা জোনাল অফিস | মান্দা, নওগাঁ। | 24.75778 | 88.70578 |
| ০৬। | সতীহাট সাব-জোনাল অফিস | সতীহাট, মান্দা, নওগাঁ। | 24.80308 | 88.74679 |

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ চকবিরাম, নওগাঁ